



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
গণযোগাযোগ অধিদপ্তর
জেলা তথ্য অফিস, নেত্রকোণা।
www.info.netrokona.gov.bd



বিষয়ঃ জাতীয় শুদ্ধাচার কৌশল (NIS) সুষ্ঠুভাবে বাস্তবায়নের লক্ষ্যে নেত্রকোণা জেলা তথ্য অফিস কর্তৃক গঠিত নৈতিকতা কমিটির ২য় ত্রৈমাসিক সভার কার্যবিবরণী।

সভাপতি : আল ফয়সাল, উপপরিচালক, জেলা তথ্য অফিস, নেত্রকোণা।
তারিখ : ২৮.১২.২০২০ খ্রিঃ
সময় : দুপুর ১২.০০ ঘটিকা
স্থান : উপপরিচালক, জেলা তথ্য অফিস, নেত্রকোণা এর সভাকক্ষ।
উপস্থিতি : পরিশিষ্ট “ক”

সভাপতি মহোদয় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন। জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের লক্ষ্যে এ অধিদপ্তরের ২০২০-২০২১ অর্থবছরের জন্য প্রণীত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনার ২য় কোয়ার্টার (অক্টোবর-ডিসেম্বর ২০২০) বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণ কাঠামো এর বিভিন্ন কার্যক্রম বাস্তবায়নে সমস্যাসমূহ চিহ্নিতকরণ ও সমাধানের বিষয়ে সভায় আলোচনা হয়। সহকারী তথ্য অফিসার, চলমান কোয়ার্টারে যে সকল কার্যক্রম বাস্তবায়ন করা হয়েছে সেসকল প্রধান কাজগুলো তুলে ধরেন, যা নিম্নরূপঃ

- কর্মকর্তা-কর্মচারীদের অংশগ্রহণে সুশাসন ও চাকরি সংক্রান্ত বিভিন্ন প্রশিক্ষণ আয়োজন;
- প্রচার কার্যক্রমে যাহবাহন ব্যবহার সংক্রান্ত নির্দেশনাপত্র প্রণয়ন;
- শুদ্ধাচার, তথ্য অধিকার ও অভিযোগ প্রতিকার ব্যবস্থা সেবাবক্স হালনাগাদকরণ;
- প্রকল্প ও এ অফিসের স্টোররুম পরিদর্শন;
- প্রচার কার্যক্রমের স্থিরচিত্র/ভিডিও কনটেন্ট অফিসের ফেসবুক গ্রুপে এবং দুর্নীতি প্রতিরোধ সংক্রান্ত ০১(এক)টি তথ্যচিত্র ইউটিউবে আপলোডকরণ;
- সুবিধাভোগী/অংশগ্রহণকারীদের পরিচয় ও মোবাইল নম্বরসহ প্রচার কার্যক্রমের প্রতিবেদন সংগ্রহ এবং অধিদপ্তরে প্রেরণ।


এছাড়া জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০২০-২০২১ অনুযায়ী জানুয়ারী থেকে মার্চ ২০২১ পর্যন্ত বাস্তবায়নযোগ্য কার্যক্রমের তালিকা সভায় উপস্থাপন করা হয়।

সভায় বিস্তারিত আলোচনা শেষে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়:

- ১। এ অফিসের সেবাবক্সসমূহ নিয়মিত হালনাগাদ করতে হবে।
- ২। প্রকল্পের কার্যক্রম সঠিকভাবে বাস্তবায়ন ও সঠিক সময়ে প্রতিবেদন প্রেরণ নিয়মিত করতে হবে।
- ৩। প্রচার কার্যক্রমের স্থিরচিত্র/ভিডিও কনটেন্ট অধিদপ্তরের ফেসবুক গ্রুপে নিয়মিত আপলোড অব্যাহত থাকবে।
- ৪। অফিস স্টোরে সিসি ক্যামেরা স্থাপনের জন্যে উদ্যোগ গ্রহণ করতে হবে এবং

৫। জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ও বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণ, ২০২০-২০২১ কাঠামোতে উল্লিখিত লক্ষ্যমাত্রার বিপরীতে ২য় ত্রৈমাসিক প্রতিবেদন নির্ধারিত সময়ের মধ্যে অধিদপ্তরে প্রেরণ করতে হবে।

আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি মহোদয় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



(আল ফয়সাল) ২০
উপপরিচালক

জেলা তথ্য অফিস, নেত্রকোণা।

স্মারক নং: গযো/তথ্য/নেত্র/৫৩১

তারিখঃ ৩০.১২.২০২০ খ্রিঃ

- ০১। মহাপরিচালক, গণযোগাযোগ অধিদপ্তর, ঢাকা।
- ০২। পরিচালক (প্রশাসন ও অর্থ) গণযোগাযোগ অধিদপ্তর, ঢাকা।
- ০৩। তথ্য অফিসার, জেলা তথ্য অফিস, নেত্রকোণা।
- ০৪। অফিস কপি।


(আল ফয়সাল) ২০
উপপরিচালক

জেলা তথ্য অফিস, নেত্রকোণা।

ফোন নং- ০৯৫১৬১৫০১

E-mail: netrokonadio@gmail.com